



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০

ফোনঃ ৯৫৫৬৯৩১

E-mail: dgmaccounts1@krishibank.org.bd



## কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০১৯-২০২০/ ১৭৮ (১২৫০)

তারিখঃ ১৭-০৬-২০২০খ্রিঃ

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়
- ২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : ০১ জুলাই, ২০২০খ্রিঃ হতে কার্যকর আবগারী শুল্কের হার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক তাদের ওয়েব সাইটে ([www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)) প্রকাশিত এস.আর.ও.নং-১৪৩-আইন/২০২০/১০৪-আবগারী, তারিখ ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/১১ জুন, ২০২০খ্রিঃ (কপি সংযুক্ত) এর নির্দেশনা মোতাবেক ০১ জুলাই, ২০২০খ্রিঃ তারিখ হতে নিম্নোক্ত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে।

ক্রঃ	পঞ্জিকা বছরের যেকোন সময় প্রতিটি হিসাবের ক্রেডিট অথবা ডেবিট স্থিতির পরিমানের উপর	কর্তনযোগ্য আবগারী শুল্কের হার
১	১,০০,০০০/- টাকা পর্যন্ত	শূন্য
২	১,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত	১৫০/-
৩	৫,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত	৫০০/-
৪	১০,০০,০০১/- টাকা হতে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত	৩,০০০/-
৫	১,০০,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত	১৫,০০০/-
৬	৫,০০,০০,০০১/- টাকা হতে তদুর্ধ্ব	৪০,০০০/-

০২। কেন্দ্রীয়ভাবে মাসিক ভিত্তিতে প্রধান কার্যালয় কর্তৃক আবগারী শুল্ক ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের লক্ষ্যে-

- বর্ণিত হারে কর্তনকৃত আবগারী শুল্ক মাসিক ভিত্তিতে অঞ্চলের প্রধান শাখার উপর ক্রেডিট এ্যাডভাইস ইস্যুপূর্বক এ্যাডভাইস এবং বিভাজন অনুযায়ী সংযুক্ত ছক-১ (ক্রেডিট ব্যালেন্স) ও ছক-২ (ডেবিট ব্যালেন্স) মোতাবেক প্রস্তুতকৃত বিবরণী অঞ্চলাধীন শাখাসমূহ প্রতি মাসের ৩ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে।
- মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় অঞ্চলাধীন শাখাসমূহ হতে প্রাপ্ত বিবরণীসমূহ ও এ্যাডভাইসসমূহ সংকলন করবে। অতঃপর শাখাসমূহ হতে প্রাপ্ত এ্যাডভাইসসমূহ অঞ্চলাধীন প্রধান শাখা সাড়া প্রদান করতঃ সাড়া প্রদানকৃত এ্যাডভাইসমূহের বিপরীতে প্রধান কার্যালয়ের উপর একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করবে। তৎপরবর্তীতে অঞ্চল, প্রধান কার্যালয়ের উপর ইস্যুকৃত ক্রেডিট এ্যাডভাইস এবং বিবরণী (ছক ১ ও ২) প্রতি মাসের ৭ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এর কর্মকর্তা জনাব মোঃ শফিকুর রহমান এর নামে প্রেরণ করবে।
- স্থানীয় মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসমূহ বিভাজন অনুযায়ী সংযুক্ত ছক-১ ও ছক-২ মোতাবেক প্রস্তুতকৃত বিবরণীসহ একটি ক্রেডিট এ্যাডভাইস ইস্যু করে প্রতি মাসের ৭ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১) এর কর্মকর্তা জনাব মোঃ শফিকুর রহমান এর নামে প্রেরণ করবে।
- এতদসঙ্গে সংযুক্ত ছক ব্যতীত অন্যকোন ছকে আবগারী শুল্কের বিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না।


চলমান পাতা-২

০৩। এতদবিষয়ক যে কোন প্রয়োজনে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব আরিফুর রহমান (০১৭২৮-৭৭১৩৮৩) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে

আপনার বিশ্বস্ত,




(খান তামজিদ আহমেদ)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০১৯-২০২০/২৭৮ (১২৫০)

তারিখঃ এ

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
- ৫। নথি/মহানথি।



(আরিফুর রহমান)  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

ছক-১

## ড্রেডিট ব্যালেন্স হতে কর্তনকৃত আবগারী গুণ্ডের বিবরণী

ক্রঃ	আবগারী গুণ্ডের হার	আমানত হিসাবের ধরন					মন্তব্য
		চলতি হিসাবের সংখ্যা	সঞ্চয়ী হিসাবের সংখ্যা	মেয়াদী হিসাবের সংখ্যা	অন্যান্য আমানত হিসাবের সংখ্যা	মোট কর্তনকৃত টাকার পরিমাণ $২X(৩+৪+৫+৬)$	
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	১৫০/-						
২	৫০০/-						
৩	৩,০০০/-						
৪	১৫,০০০/-						
৫	৪০,০০০/-						
মোট=							

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

ব্যবস্থাপকের স্বাক্ষর ও সীল

ছক-২

## ডেবিট ব্যালেন্স হতে কর্তনকৃত আবগারী গুণ্ডের বিবরণী

ক্রঃ	আবগারী গুণ্ডের হার	ঋণ হিসাবের ধরন			মন্তব্য
		সিসি হিসাবের সংখ্যা	অন্যান্য ঋণ হিসাবে সংখ্যা	মোট কর্তনকৃত টাকার পরিমাণ $২X(৩+৪)$	
১	২	৩	৪	৫	৬
১	১৫০/-				
২	৫০০/-				
৩	৩,০০০/-				
৪	১৫,০০০/-				
৫	৪০,০০০/-				
মোট=					

অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর ও সীল

ব্যবস্থাপকের স্বাক্ষর ও সীল

